গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
বাজেট শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়

বাৎসরিক বাজেট
২০১৯-২০

পরিকল্পনা বিভাগ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
বাজেট শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়

বাৎসরিক বাজেট
২০১৯-২০

পরিকল্পনা বিভাগ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

বাৎসরিক বাজেট

২০১৯-২০

সূচিপত্র

			পৃষ্ঠা নং
ক.	মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)	:	১
খ.	সংযুক্ত তহবিল প্রাপ্তি (বিস্তারিত)	:	১৩
গ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (পরিচালন ও উন্নয়ন)	:	১৭
ঘ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (পরিচালন)	:	২৩
ঙ.	মঞ্জুরি ও বরাদ্দের দাবি (উন্নয়ন)	:	৩১

ক. মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF)

মঞ্জুরি নং- ১১

১১৪ - পরিকল্পনা বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	প্রক্ষেপণ	
	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২
পরিচালন ব্যয়	৮৮,৪২,০০	৯৭,২৬,০০	১০৬,৯৯,০০
উন্নয়ন ব্যয়	১১৪৩,৩১,০০	১৯৯,৪৫,০০	২১৯,৪০,০০
মোট	১২৩১,৭৩,০০	২৯৬,৭১,০০	৩২৬,৩৯,০০
আবর্তক	১১৪৪,৯০,৪০	২৮৭,৮৭,১০	৩২১,৭৯,১২
মূলধন	৮৬,৪০,৬০	৮,৩২,৯০	৪,০২,৮৮
আর্থিক সম্পদ	৪২,০০	৫১,০০	৫৭,০০
দায়	০	০	০
মোট	১২৩১,৭৩,০০	২৯৬,৭১,০০	৩২৬,৩৯,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দেশের টেকসই সার্বিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন।

১.২ প্রধান কার্যাবলি

১.২.১. দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন;

১.২.২. উন্নয়ন প্রকল্পের প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন;

১.২.৩. জাতীয় পরিকল্পনা, নীতিমালা ও কৌশল অনুযায়ী এডিপি ও আরএডিপি প্রণয়ন;

১.২.৪. আর্থসামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ ও গবেষকদের প্রণোদনা প্রদান;

১.২.৫. কার্যকর পরিকল্পনা ও উন্নয়নে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, জরিপ ও অনুসন্ধান কার্যক্রম গ্রহণ এবং প্রতিবেদন/জার্নাল প্রকাশ ;

১.২.৬. পরিকল্পনা কমিশনসহ পরিকল্পনা বিভাগের অধীন সংস্থা-দপ্তরসমূহের প্রশাসনিক দায়িত্ব পালন।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ .

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. কার্যকর জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদন দ্রুতকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন	• বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন, হালানাগাদকরণ ও পর্যালোচনা	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভূক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
ত্বরান্বিতকরণ	• বাংলাদেশ ডেল্টা পরিকল্পনা-২১০০ বাস্তবায়নে সহযোগিতা প্রদান	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
	• ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন ও সংশ্লিষ্ট প্রতিবেদন প্রণয়ন • প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) প্রস্তুতকরণ	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
	• পিইসি, এসপিইসি ও এডিপি পর্যালোচনা সভার আয়োজন, অনুষ্ঠান এবং পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় অংশগ্রহন	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
	• টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
	• একনেক ও এনইসি সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ • প্রস্তাবিত প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর
২. উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমে দক্ষতা বৃদ্ধি।	• সরকারি/বেসরকারি কর্মকর্তাবৃন্দের জন্য বিভিন্ন মেয়াদি পেশাগত প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও পরামর্শ প্রদান	• জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
	• সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গবেষণা কার্যক্রমে প্রণোদনা প্রদান	• সচিবালয়
	• আর্থ-সামাজিক বিষয়ের ওপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান/ফলাফল প্রকাশ ও প্রচার	• সচিবালয় • বিআইডিএস
	• উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন	• সচিবালয় • পরিকল্পনা কমিশনের আওতাভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/সেক্টর

৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ **দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সুষম এবং টেকসই উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার প্রয়োজন অনস্বীকার্য। কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে ক্রমান্বয়ে আর্থ-সামাজিক উন্নয়ন হচ্ছে। এতে দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠী উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে এবং ২০২১ সাল নাগাদ দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠী ১৩.৫% (সাড়ে তের শতাংশ) করার লক্ষ্যমাত্রা অর্জন সম্ভবপর হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এসডিজি বাস্তবায়নের ফলে নারীর প্রতি বৈষম্য ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে, আয়বর্ধক কার্যক্রমে নারীর অংশগ্রহণ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর সম্পৃক্ততা বৃদ্ধি পাচ্ছে। ফলে উন্নয়নের মূলস্রোত ধারায় নারীর অংশগ্রহণ এবং ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	প্রক্ষেপণ	
	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২
দারিদ্র্য নিরসন	১০২১,৮২,৯৮	১৮৫,৯৫,৫৩	২৮৩,৫৩,৩৬
নারী উন্নয়ন	৪৩১,৫১,৮৩	৫০,৫৭,২৫	৬২,২৪,৭৬

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
১. **পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়নঃ** বাংলাদেশের প্রথম প্রেক্ষিত পরিকল্পনায় (২০১০-২০২১) বিধৃত সামাজিক ও অর্থনৈতিক এজেন্ডা অর্জনের লক্ষ্যে ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১-২০১৫) এর ধারাবাহিকতায় সর্বোচ্চ কর্মসংস্থান সৃষ্টি এবং প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণের নিমিত্ত জুলাই ২০১৫ হতে জুন ২০২০ মেয়াদে দারিদ্র্য নিরসনের স্বার্থে নাগরিকের ক্ষমতায়নের লক্ষ্যে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) প্রণয়ন করা হয়। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিলটিকে দিক-নির্দেশনামূলক দলিল হিসেবে দু'টি অংশে বিভক্ত করা হয়েছে। প্রথম অংশে কৌশলগত দিক-নির্দেশনাসমূহ, নীতিকাঠামো এবং সামষ্টিক অর্থনৈতিক সূচকসমূহের প্রাক্কলন অর্জনের সঙ্গে সঙ্গতি রেখে মোট ১৩টি সেক্টরে খাতভিত্তিক কৌশল, কর্মসূচি এবং নীতিসমূহ বর্ণনাসহ প্রতিটি খাতে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সম্ভাব্য বরাদ্দ প্রাক্কলন করা হয়েছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।	• কার্যকর জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদন দ্রুতকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ।
২. **টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর পরিবীক্ষণ ও মূল্যায়ন:** নির্ধারিত সময়ে জাতিসংঘ ঘোষিত টেকসই" উন্নয়ন অভীষ্ট অর্জনে "(এসডিজি)সরকার বদ্ধপরিকর। ২০১৫ সাল থেকে শুরু হওয়া এ আন্তর্জাতিক এজেন্ডা অর্জনে বাংলাদেশ ইতোমধ্যেই সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পায় টেকসই উন্নয়ন অভীষ্টগুলো ও এর (২০২০-২০১৬) বিভ/বাস্তবায়নে মন্ত্রণালয় লক্ষ্যমাত্রাসমূহকে সমন্বিত করেছে। এগুলোাগভিত্তিক দায়িত্ব বন্টনের পথনকশা)Mapping of Ministries by Targets (প্রণয়ন করা হয়েছে। এসডিজি) উপাত্তের ঘাটতি-র পরিবীক্ষণ ও মূল্যায়নে প্রয়োজনীয় তথ্য'Data Gap Analysis for Sustainable Development Goals: Bangladesh Perspective) চিহ্নিত করা হয়েছে যার ভিত্তিতে এসডিজি'র বাস্তবায়ন পরিবীক্ষণ ও	• কার্যকর জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদন দ্রুতকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ।